125

ভোরের কাগজ

তারিখ ... JUN. 6 .. 1999 ... ..

পৃষ্ঠা: 2 কলাম 2 ......

# বঙ্গবন্ধুর নামে যত্রতত্র প্রতিষ্ঠানের নামকরণ করা যাবে না

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি ট্রাস্টের অনুমোদন ছাড়া বঙ্গবন্ধু শেখ মুজিব ও তার পরিবারের সদস্যদের নামে কোনো প্রতিষ্ঠানের নামকরণ করা যাবে না। গতকাল শনিবার এক বিবৃতিতে বঙ্গবন্ধু স্মৃতি ট্রাস্টের পক্ষ থেকে এ কথা ঘোষণা করে। বাসস।

ঐ বিবৃতিতে ট্রাস্টের সদস্য সচিব শেখ হাফিজুর রহমান '৭৫ সালের ১৭ আগস্ট বঙ্গবন্ধু ও তার পরিবারের সদস্যের নামে বিভিন্ন প্রতিষ্ঠানের নামকরণের ব্যাপারে অসন্তোষ প্রকাশ করেন।

শেখ হাফিজ বলেন, বঙ্গবন্ধু স্মারক তহবিলের অনুমোদন ছাড়া '৭৫ সালের ১৫ আগস্টের শহীদদের নাম ব্যবহার না করার জন্য বিভিন্নভাবে তিনি জনগণের প্রতি অনুরোধ জানিয়েছেন।

তিনি আরো বলেন, শেখ হেলাল উদ্দিন এমপি ও নূরে আলম সিদ্দিকিকে এ ব্যাপারে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দায়িত্ব দেওয়া হয়েছে। সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনার পর এই পদক্ষেপ নেওয়া হবে বলে তিনি জানান।